# ২০২৩

ষষ্ঠ সেমেস্টার

## বাংলা - সাম্মানিক

পত্র : DSE-B-3

[ চরিতসাহিত্য, আত্মচরিত ও ভ্রমণসাহিত্য ]

পূর্ণমান - ৬৫

*প্রান্তলিখিত সংখ্যাগুলি পূর্ণমান নির্দেশক।*
*উত্তর যথাসম্ভব নিজের ভাষায় লেখা বাঞ্ছনীয়।*

১। (ক) জীবনী গ্রন্থ হিসাবে 'চৈতন্যভাগবত' গ্রন্থটি কতটা সার্থক, তা আলোচনা করে দেখাও। ১০

*অথবা,*

(খ) 'চৈতন্যভাগবত' অবলম্বনে শ্রীচৈতন্যের বিদ্যাশিক্ষা সম্পর্কে আলোচনা করো। ১০

২। (ক) "কড়ি-বরগা-দেয়ালের জঠরের মধ্য হইতে বাহিরের জগতে যেন নূতন জন্মলাভ করিলাম।" 'কড়ি-বরগা-দেয়ালের জঠর' কী? 'বাহিরের জগৎ'ই বা কী? 'নূতন জন্মলাভ' বলতে কী বোঝানো হয়েছে? ৩+৩+৪

*অথবা,*

(খ) 'হিমালয় যাত্রা' পরিচ্ছেদে রবীন্দ্রনাথ পিতার যে ছবি এঁকেছেন, তার পরিচয় দাও। ১০

৩। (ক) ভ্রমণসাহিত্য হিসেবে 'দেশে-বিদেশে' গ্রন্থটির সার্থকতা বিচার করো। ১০

*অথবা,*

(খ) "সরল পাঠান ও সুচতুর ইংরেজ একটা জায়গায় মিল আছে।" — প্রসঙ্গ উল্লেখ করে এই মিল-এর দিকটি বুঝিয়ে দাও। ১০

৪। (ক) 'গৃহস্থ হইয়া যদি আতিথ্য না করে।
পশুপক্ষী হইতেও অধম বলি তারে।।'— প্রসঙ্গসহ ব্যাখ্যা করো। ৫

*অথবা,*

(খ) অদ্বৈত আচার্য-র অসাম্প্রদায়িকতার পরিচয় দাও। ৫

৫। (ক) 'জীবনস্মৃতি' অনুসারে 'নানা বিদ্যার আয়োজন' রবীন্দ্র জীবনে কীভাবে ঘটেছিল তা সংক্ষেপে লেখো। ৫

*অথবা,*

(খ) 'ভয় যখন একবার ভাঙ্গিল, তখন আর ঠেকাইয়া রাখে কে।' — প্রসঙ্গসহ ব্যাখ্যা করো। ৫

৬। (ক) 'আফগানের পাগড়ী' কোন কাজে লাগে, বা এর গুরুত্ব কোথায়, লেখকের অনুসরণে তা ব্যাখ্যা করো। ৫

*অথবা,*

(খ) 'বাকি জীবন সে ওই পঁয়তাল্লিশ নম্বরের ভানুমতী কখনো কাটিয়ে উঠতে পারেনি।' ঘটনাটির বিবরণ দাও। ৫

৭। টীকা লেখো (*যে-কোনো একটি*)। ৫×১

(ক) 'নিত্যানন্দ'

(খ) 'নর্মাল স্কুল'

(গ) 'দেশে-বিদেশে'র 'সর্দারজী'

৮। সংক্ষেপে পূর্ণবাক্যে উত্তর দাও। ১×১৫

(ক) শ্রীচৈতন্যের শিক্ষাগুরু কে ছিলেন?

(খ) শ্রীচৈতন্যদেব কত বছর বেঁচেছিলেন?

(গ) নীলাম্বর চক্রবর্তী কে?

(ঘ) শাকর মল্লিক কার উপাধি ছিল?

(ঙ) চৈতন্যলীলার ব্যাস কে?

(চ) 'জীবনস্মৃতি' গ্রন্থটি কবে প্রকাশিত হয়?

(ছ) 'অবোধবন্ধু' পত্রিকাটির সম্পাদক কে ছিলেন?

(জ) 'স্বপ্নপ্রয়াণ' কার লেখা?

(ঝ) কত বছর বয়সে রবীন্দ্রনাথ বিলাত যাত্রা করেন?

(ঞ) বিলাত যাত্রার আগে রবীন্দ্রনাথ মেজদাদার সঙ্গে কোথায় ছিলেন?

(ট) 'দেশে-বিদেশে' গ্রন্থটি কত সালে প্রকাশিত হয়?

(ঠ) আফগানিস্তানের বড়ো শহর কয়টি ও কী কী?

(ড) কাবুলি আর পাঠানের পার্থক্য কীভাবে বুঝিয়েছেন সর্দারজী?

(ঢ) ভোরের নামাজ শেষ হতেই সর্দারজী ভেঁপু বাজাতে আরম্ভ করলেন কেন?

(ণ) 'জানমি ধর্মং, ন চ মে প্রবৃত্তি'— কথাটির অর্থ কী?